এমবাপ্পে নৈপুণ্যে নঁতেকে উড়িয়ে দিল পিএসজি

ইনজুরির কারণে ছিটকে যাওয়া নেইমার জুনিয়রের অভাব বুঝতে দিলেন না কিলিয়ান এমবাপ্পে। এই ফরাসি ফরোয়ার্ডের নৈপুণ্যে নঁতেকে উড়িয়ে দিল পিএসজি।

শনিবার রাতে ঘরের মাঠ পার্ক দেস প্রিন্সেসে নঁতেকে ৩-০ গোলে হারিয়েছে পিএসজি। এমবাপ্পে ছাড়াও গোলের দেখা পেয়েছেন আন্দের হেরেইরা ও পাবলো সারাবিয়া।

ম্যাচের শুরু থেকে নঁতেকে চেপে ধরা পিএসজি বেশ কয়েকটি দুর্দান্ত আক্রমণ শানায়। দ্বাদশ মিনিটে দানিলো পেরেইরার হেডে পোস্টের বাইরে দিয়ে চলে যায় বল। এর মিনিট তিনেক পরেই সুযোগ পেয়ে গিয়েছিল নঁতে। কিন্তু ছয় গজ বক্সের ফাঁকায় বল পেয়েও ঠিকমতো পা ছোঁয়াতে পারেননি মোজেজ সিমোন।

২৭তম মিনিটে সতীর্থের বাড়ানো বল ডি-বক্সে পেয়েও লক্ষ্যভেদ করতে পারেননি এমবাপ্পে। বিরতির আগে সারাবিয়ার ক্রসে পা ছোঁয়াতে ব্যর্থ হন তিনি।

প্রথমার্ধের বিরতির পর শুরুতেই এগিয়ে যায় পিএসজি। এমবাপ্পের পাস ধরে ডি-বক্সের ভেতর থেকে বাঁ পায়ের জোরালো শটে বল জালে জড়ান হেরেইরা। ৬৫তম মিনিটে প্রতিপক্ষের ডিক-বক্সে ফাউলের শিকার হন এমবাপ্পে। তা থেকে গোল করে ব্যবধান বাড়ান তিনি।

৭০তম মিনিটে পেনাল্টি পেয়েও পিএসজির গোলরক্ষক কেইলর নাভাসের নৈপুণ্যে গোল করতে ব্যর্থ হন নঁতের কাদের বাম্বা। খেলার শেষ বাঁশি বাজার আগে ব্যবধান আরও বাড়ান সারাবিয়া।

এই নিয়ে টান সাত ম্যাচে জয় পাওয়া পিএসজি ২১ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে। সমান ১৮ পয়েন্ট নিয়ে দুইয়ে লিল এবং তিনে আছে রেন।

যুবকরাই পারে দেশকে গড়তে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যুবকরাই পারে দেশকে গড়তে। তাদের মেধা, জ্ঞানকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব।

আজ রবিবার সকালে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী আরও বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের ঘটনা যদি না ঘটতো তাহলে স্বাধীনতার ১০ বছরে বাংলাদেশ বিশ্বের মধ্যে স্বাধীন ও সমৃদ্ধ দেশ হিসেবে প্রতিষ্ঠা পেতে পারতো।’ তিনি আরও বলেন, ৭৫ এর সেই মর্মান্তিক ঘটনার পর আওয়ামী লীগ ক্ষমতায় আসার আগ পর্যন্ত দেশ এক কদমও এগোয়নি।

প্রধানমন্ত্রী বলেন, ৭৫ এর পর যারা ক্ষমতা এসেছে তারা তাদের ক্ষমতাকে নিষ্কণ্টক করতে মেধাবীদের হাতে অস্ত্র তুলে দিয়েছিল। আওয়ামী, ছাত্রলীগ, মুক্তিযোদ্ধাদের হত্যা করেছিল।

বছরের শক্তিশালী ঘূর্ণিঝড় ‘গনি’ আঘাত হেনেছে ফিলিপাইনে

বিশ্বে এ বছরের সবচেয়ে শক্তিশালী ঘূর্ণিঝড় গনি ফিলিপাইনে আঘাত হেনেছে। ফিলিপাইনের আবহাওয়া বিভাগের বরাত দিয়ে বিবিসির খবরে বলা হয়েছে, আজ রবিবার কাতানদুয়ানেস দ্বীপে ঘূর্ণিঝড়টি আঘাত হানে। বাতাসের গতিবেগ ঘণ্টায় ২২৫ কিলোমিটার। এতে ভূমিধসের ঘটনা ঘটেছে।

ঘূর্ণিঝড় গনি লুজোন দ্বীপ অতিক্রম করেছে। এই দ্বীপেই ফিলিপাইনের রাজধানী ম্যানিলা অবস্থিত। অন্তত ১০ লাখ মানুষকে তাদের ঘরবাড়ি থেকে নিরাপদ জায়গায় সরিয়ে নেওয়া হয়েছে।

ফিলিপাইনের সরকারি কর্মকর্তারা বলেছেন, ঘূর্ণিঝড় গনির ফলে ভয়াবহ

পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
গত সপ্তাহে ফিলিপাইনে ঘূর্ণিঝড় মোলাভ আঘাত হানে। ওই ঘটনায় ২২ জনের মৃত্যু হয়েছে এবং ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। ওই এলাকাতেই ঘূর্ণিঝড় গনি আঘাত হেনেছে।

বার্তা সংস্থা এএফপির এক প্রতিবেদনে ফিলিপাইনের আবহাওয়ার পূর্বাভাস সম্পর্কে বলা হয়েছে, আগামী ১২ ঘণ্টায় লুজোন ও কাতানদুয়ানেস দ্বীপে প্রবল ঝড়বৃষ্টি হওয়ার শঙ্কা রয়েছে। ওই এলাকাগুলোতে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে।

ট্রাম্পের ১৮ র্যালি থেকে ৩০ হাজারের বেশি মানুষ করোনায় আক্রান্ত

গত ২৯ অক্টোবর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফ্লোরিডার ট্যাম্পায় রেমন্ড জেমস স্টেডিয়ামের বাইরে একটি নির্বাচনী সমাবেশে ভাষণ দেন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ১৮টি নির্বাচনী র্যালি থেকে প্রায় ৩০ হাজারের বেশি মানুষ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এই আক্রান্তদের মধ্যে মারা গেছেন ৭০০ জনের বেশি মানুষ।

মার্কিন স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির ‘দ্য এফেক্টস অব লার্জ গ্রুপ মিটিং অন দ্য স্প্রেড অব কোভিড-১◌ঃ দ্য কেস অব ট্রাম্প র্যালিস’ শীর্ষক গবেষণায় এই তথ্য উঠে এসেছে।

এই গবেষণায় গত ২০ জুন থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত হওয়া ট্রাম্পের ১৮টি নির্বাচনী র্যালি পর্যবেক্ষণ করা হয়েছে।

গবেষণা দলের সদস্যরা বলছেন, বড় জনসমাবেশে করোনাভাইরাস (কোভিড-
১৯) সংক্রমণের ঝুঁকি নিয়ে জনস্বাস্থ্য কর্মকর্তাদের যে সতর্কবার্তা ও শঙ্কা ছিল, আমাদের বিশ্লেষণও দৃঢ়ভাবে সেটিকে সমর্থন করছে। ট্রাম্পের র্যালিগুলো যেসব কমিউনিটিতে হয়েছে

সেখানকার মানুষদের চরম মূল্য দিতে হয়েছে।

এই গবেষণার কথা উল্লেখ করে একটি টুইট বার্তায় ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন বলেছেন, প্রেসিডেন্ট ট্রাম্প আপনাদের কথা ভাবেন না। এমনকি তিনি তার নিজের সমর্থকদের কথাও ভাবেন না।

সূত্র: আল-জাজিরা, সিএনবিসি

তোপের মুখে অক্ষয় কুমারের সিনেমার নাম পরিবর্তন

বলিউডের জনপ্রিয় অভিনেতা অক্ষয় কুমার অভিনীত সিনেমা ‘লক্ষ্মী বোম্ব’ মুক্তির অপেক্ষায়। ইতোমধ্যে সিনেমাটির ট্রেইলার ও গান দর্শকের মাঝে ভালো সাড়া ফেলেছে। ‘লক্ষ্মী বোম্ব’ সিনেমাটির ট্রেইলার ও পোস্টারে অক্ষয়কে শাড়ি পরা অবস্থায় দেখা গেছে। কিন্তু অক্ষয় কুমারের এই সিনেমার নাম নিয়ে এখন তৈরি হয়েছে বিতর্ক। যার ফলে তোপের মুখে পড়েছেন নির্মাতারা। অবশেষে পরিবর্তন করা হয়েছে সেই ছবির নাম।

সিনেমাটির নাম শুরুতেই দেওয়া হয়েছিল ‘লক্ষ্মী বোম্ব’। কিন্তু সিনেমার এই নাম নিয়ে ভারতীয় কট্টরপন্থী সংগঠন রাজপুত করনি সেন প্রতিবাদ জানান। তাদের অভিযোগ, এতে হিন্দু ধর্মাবলম্বীদের অনুভূতিতে আঘাত করা হয়েছে। নির্মাতারা উদ্দেশ্য প্রণোদিতভাবে সিনেমার নামে ‘লক্ষ্মী’ ব্যবহার করে দেবীকে অসম্মান করেছেন। এ বিষয়ে একটি আইনি নোটিশও পাঠানো হয়।

এমন তোপের মুখে সিনেমাটির নাম থেকে ‘বোম্ব’ শব্দটি বাদ দিয়ে শুধু ‘লক্ষ্মী’ দেওয়া হয়েছে। বক্স অফিস বিশ্লেষক তরন আদর্শ মাইক্রোব্লগিং সাইট টুইটারে এই তথ্য জানিয়েছেন। তিনি লিখেছেন, পরিবর্তন করা হয়েছে ‘লক্ষ্মী বোম্ব’ সিনেমাটির নাম। এখন এটির নাম ‘লক্ষ্মী’। আগামী ৯ নভেম্বর ডিজনি প্লাস হটস্টারে সিনেমটি মুক্তি পাবে। এতে অভিনয় করছেন অক্ষয় কুমার ও কিয়ারা আদভানি।

২০১১ সালে মুক্তিপ্রাপ্ত তামিল ভাষার ‘কাঞ্চানা’ সিনেমার হিন্দি রিমেক ‘লক্ষ্মী’। এটি পরিচালনা করেছেন রাঘব লরেন্স। প্রযোজনায় রয়েছে অ্যা কেপ অব গুড ফিল্মস প্রোডাকশন, সাবিনা এন্টারটেইনমেন্ট, তুষার এন্টারটেইনমেন্ট হাউজ। সিনেমাটির পরিবেশনায় রয়েছে ফক্স স্টার স্টুডিওস।

সিনেমায় রূপান্তকামী চরিত্রে দেখা যাবে অক্ষয়কে। চরিত্রটি সম্পর্কে তিনি বলেন, ‘আমার অভিনয় ক্যারিয়ারে ৩০ বছর পার করেছি। তবে লক্ষ্মী চরিত্রটি আমার মনের গভীরে থাকবে। পরিচালক রাঘব লরেন্সকে ধন্যবাদ। চরিত্রটি যেভাবে কথা বলে, হাঁটে, নাচে সবই তিনি দেখিয়ে দিয়েছেন। আমি শুধু তাকে অনুকরণ করেছি। যদি সিনেমাটি ভালো ব্যবসা করে এর সবই তার কৃতিত্ব।

চিত্রনায়িকা জলির ঘরে নতুন অতিথি

ঢালিউড চিত্রনায়িকা জলি মা হয়েছেন। মেয়ের নাম রেখেছেন সেহেমাত রহমান। গত ১৭ জুলাই উত্তরার একটি হাসপাতালে জন্ম নেয় জলির মেয়ে। এতদিন বিষয়টি গোপন রাখার কারণ ব্যাখ্যা করতে গিয়ে গণমাধ্যমকে জলি জানিয়েছেন, জানালে হয়তো ছবিও প্রকাশ করতে হতো। একেবারে ছোট একটি শিশুর ছবি প্রকাশ করতে চাইনি। ভেবেছিলাম, সে একটু বড় হলে সবাইকে জানাব, এখন সেটাই করছি।

জলি আরও জানান, প্রত্যেক মেয়েই মা হওয়ার স্বপ্ন দেখে। আমি এই পৃথিবীতে সন্তান জন্ম দিতে পেরেছি, এর চেয়ে আনন্দের আর কিছু নেই আমার কাছে।

জলি অভিনীত প্রথম ছবি ‘অঙ্গার’। এতে জলির বিপরীতে অভিনয় করেছিলেন কলকাতার ওম। এরপর আরিফিন শুভর সঙ্গে ‘নিয়তি’ ও শাহরিয়াজের সঙ্গে ‘মেয়েটি এখন কোথায় যাবে’ ছবি দুটি মুক্তি পায়। সম্প্রতি কাজ শেষ করা তার ‘ডেঞ্জার জোন’ ছবিটি রয়েছে মুক্তির অপেক্ষায়। ‘অফিসার রিটার্নস’ নামে একটি ছবিতে চুক্তিবদ্ধ হয়ে আছেন।

২০১৯ সালের মে মাসে ব্যবসায়ী আরাফাত রহমানকে বিয়ে করেন জলি। তিনি বলেন, ‘ডেঞ্জার জোন’ ছবিটি শিগগিরই মুক্তি পাবে। দর্শকের আগ্রহের ওপর নির্ভর করছে অভিনয়ে আমার ফেরা না ফেরা।

বিডি প্রতিদিন/ফারজানা

মেহেরপুরে স্ত্রীর প্রেমিককে কুপিয়ে জখম!

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে স্ত্রীর প্রেমিককে স্বামী রবিউল ইসলাম মুঠোফোনে ডেকে কুপিয়ে জখম করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। শনিবার রাতে এ ঘটনা ঘটে।

গ্রামবাসী সূত্রে জানা যায় , চকশ্যামনগর গ্রামের কেসমত আলীর ছেলে রবিউল (২৫) এর স্ত্রীর সাথে একই গ্রামের মৃত হিসাব আলীর ছেলে ইজহারুল (৪৫) এর অবৈধ সম্পর্ক গড়ে ওঠে। গতকাল রাতে রবিউল ইসলাম দোকান থেকে বাসায় যায়। বাসায় পৌঁছিয়ে স্ত্রীর সাথে রবিউলকে অনৈতিক কাজে লিপ্ত থাকতে দেখে হেসো দিয়ে এলোপাতাড়ি ভাবে কুপিয়ে যখম করেছে।

এ সময় তার চিৎকারে লোকজন ছুটে এসে তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ডিউটিরত ডক্টর জানান, ইজহারুল ইসলামের মাথার ডান দিকে ভিতরে ও বাহিরে মিলে ১২ টি ও ডান হাতে ৯ টি মোট ২১ টি সেলায় হয়েছে এবং এখন তিনি সুস্থ আছেন।

এই বিষয়ে আহত ইজারুল হক মেহেরপুর প্রতিদিনকে জানান, আমি কলার ব্যবসা করি, রবিউল আমার লেবারি করে, আমি ওর কাছে কিছু টাকা পেতাম যা দেওয়ার নাম করে আমাকে মোবাইল ফোনে ডেকে বাড়িতে আসতে বলে, আমি বাড়িতে গেলে বসতে যাইগা দেয়, আমি রবিউল ইসলাম ও তার স্ত্রী এক সাথে বসে আছি। হঠাৎ রবিউল বাইরে চলে যায় এবং কিছুক্ষণ পরে

হেসো হাতে করে ঘরে ঢুকে আমাকে বলে তুই আমার স্ত্রীর গায়ে হাত দিলি কেনো, এখন তুই ২০,০০০ টাকা দে না হলে ছাড়বো না গ্রামের মানুষ ডাকবো।

এ সময় আমি তাকে বলি টাকা কি পড়ে আছে নাকি, যে তুই চাইবি আর তোকে দিয়ে দিবো আমি, এমন এক কথায় দু কথায় আমাকে হেসো দিয়ে এলোপাতাড়ি ভাবে কুপাতে থাকে। এ সময় আমার চিল্লাচিল্লিতে আসেপাশের মানুষ উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

এ বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনর্চাজ শাহ দারা খান মেহেরপুর প্রতিদিনকে জানান, এখনো পর্যন্ত কোনো অভিযোগ করা হয়নি, যদি আমাদের কাছে অভিযোগ আসে তবে এর আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় কেয়া মল্লিকের নারী উদ্যোক্তা হয়ে ওঠার অসাধারণ গল্প

বিয়ের পর ইডেন কলেজ থেকে বোটানিতে মাস্টার্স করেন কেয়া। এরই মধ্যে কেয়ার কোলজুড়ে লিনাত নামের একটি কন্যা সন্তানেরও জন্ম হয়। স্বামী বেকার কেয়াও বেকার। সচ্ছল পরিবারে বেকারত্ব পেট ভরাতে কষ্ট দেয় না। কিন্ত কেয়া লক্ষ্য করলো তার মনোজগতে একটা ব্যাপক পরিবর্তন আসছে। ভেতরটা বিদ্রোহ করতে চাইছে। পরিবারে আলো ছড়াতে চাইছে। সুশিক্ষায় শিক্ষিত নারীরা পরিবারকে আলোকিত করতে চায়।

এর মধ্যে কেয়া একটি অসাধারণ খবর পেল। ঢাকার একটি কলেজে প্রভাষকের চাকরী হয়েছে তার। কিন্ত এতে বাঁধ সাধলো শ্বাশুড়ীর সাথে কেয়ার প্রগাঢ় বন্ধুত্ব। শ্বাশুড়ীকে ছেড়ে ঢাকায় সেটেল্ড হওয়া কঠিন মনে হল কেয়ার কাছে। কেয়া সিদ্ধান্ত নিল বাড়িতে থেকেই তিনি কিছু একটা করবেন।

ঠিক এসমই ছোট্ট মেয়ে লিনাতকে নিয়ে একটা ঘটনা ঘটে গেল। যে ঘটনা

কেয়ার জীবনের দিক ঘুরিয়ে দিল। দোকান থেকে মেয়ের জন্য কিনে আনা সেরেলাক খেয়ে লিনাত অসুস্থ হয়ে পড়ল। কেয়া সেরেলাকের কৌটা হাতে নিয়ে ঘুরিয়ে ফিরিয়ে উৎপাদনের তারিখ দেখেন। কি কি উপাদানে সেরেলাক তৈরী তাও দেখেন। ঠিক তখনই তার মাথায় এক অসাধারণ আইডিয়া এলো। তিনি নিজের হাতেই সেরেলাক বানাবেন। নিজের হাতের তৈরী সেরেলাক বাচ্চাকে খাওয়াবেন।

পরদিন বাজার থেকে সেরেলাক তৈরির যাবতীয় উপাদান কিনে বাসায় ফিরলেন কেয়া। তৈরি হল হোম মেইড সেরেলাক। কেয়ার ভেতর আত্মবিশ্বাস বেড়ে গেল। তিনি তার হাতে তৈরি সেরেলাক দিনের বেশ কয়েকবার লিনাতকে খাওয়াতে লাগলেন। লিনাত আগ্রহ নিয়ে সেরেলাক খায়। এরপর কেয়া উৎসাহ নিয়ে আইটেম বাড়িয়ে হরলিক্সও তৈরি করে ফেললেন। নির্ভেজাল সেরেলাক ও হরলিক্স খেয়ে মেয়ে লিনাত খুব মজা পায়। খাওয়াতে লিনাতের মজা দেখে কেয়ার চোখে আনন্দে পানি চলে আসে।

কেয়া আনন্দাশ্রুকে মনের শক্তিতে পরিণত করতে চাইলেন। তিনি তার স্বামীর কাছ থেকে কুড়ি হাজার টাকা নিয়ে সেরেলাক আর হরলিক্সের উপাদান কিনে আনলেন। বাড়িতে তৈরি করতে লাগলেন সেরেলাক ও হরলিক্স। এরপর আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধব- যাদের বেবী আছে তাদের মাঝে বিতরণ শুরু করলেন সেরেলাক আর হরলিক্স।

কিছুদিনের মধ্যেই কেয়ার হোমমেইড প্যাকেটজাত বেবীফুডের প্রচার তার নিজের গণ্ডি ছাড়িয়ে বাইরেও ছড়িয়ে পড়লো। তিনি একের পর এক অর্ডার পেয়ে কুরিয়ারে মাল পাঠাতে শুরু করলেন।

কেয়ার গল্পটা এখানেও শেষ হতে পারত। কিন্ত যারা নিজেরা সাফল্যের গল্পের জন্ম দেয় তাদের গল্প সহজে শেষ হতে চায় না।

উদ্যোমী কেয়া তার বাণিজ্যে আরও একটি সাফল্যের পালক যোগ করলেন। তিনি মেয়েদের এক রংয়া থ্রীপিছ কিনে হাতের অসাধারণ কারুকাজে আকর্ষণীয় করে তুলতে লাগলেন। একই কাজ করতে লাগলেন ছেলেদের পাঞ্জাবীতেও। এখন এসবও পাঠিয়ে দিচ্ছেন কুরিয়ারে ক্রেতাদের কাছে।

কেয়ার কুড়ি হাজার টাকার ব্যবসা এখন দুই লাখের পুঁজিতে গিয়ে ঠেকেছে। কেয়ার কোলজুড়ে আরও একটি সন্তানের জন্ম হয়েছে। কঠিন ব্যস্ততা তাকে পেছনে না ঠেলে সাফল্যের সিঁড়ি বেয়ে ওপরের দিকে তুলে দিয়েছে।

কেয়া জানান, নারীদের কর্মমুখী হওয়া প্রয়োজন। যে যেভাবে পারুক

কিছু একটা করুক। চেষ্টা করলে সাফল্য আসবেই।

কেয়া বললেন, তার স্বামী- লিমন মল্লিক, আলমডাঙ্গার পশুহাট সড়কে তাদের বাড়ি। তিনি জানান, প্রয়োজনে মোবাইলের এই নম্বরে ০১৭১৬-৭৮-৭৮৭ যোগাযোগ করা যেতে পারে।

চুয়াডাঙ্গায় তিন ফসলি জমিতে রেললাইন স্থাপনের প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গার দর্শনা থেকে মেহেরপুর পর্যন্ত প্রস্তাবিত রেললাইন স্থাপনের জন্য তিন ফসলি জমি নির্বাচনের প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। দামুড়হুদা উপজেলার কৃষিনির্ভর কোমরপুর ও বাঘাডাঙ্গা গ্রামের ‘রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটি’ এ মানববন্ধনের আয়োজন করে। শুক্রবার বিকালে অনুষ্ঠিত মানববন্ধনে এলাকার হাজারো মানুষ অংশগ্রহণ করে।

রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটির সদস্য মোস্তাফিজ কচি জানান, বর্তমান সরকার চুয়াডাঙ্গার সাথে মেহেরপুর জেলার রেলযোগাযোগের জন্য রেললাইন স্থাপনের উদ্যোগ নিয়েছে।

এজন্য পূর্বের প্রস্তাবিত সোজা পথ বাদ দিয়ে নতুন করে কিছু ঘোরা পথে কোমরপুর ও বাঘাডাঙ্গা গ্রামের মধ্য দিয়ে রেললাইন স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। এ অবস্থায় এলাকার হাজার হাজার হেক্টর তিন ফসলি জমি ক্ষতিগ্রস্থ হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এতে অনেক কৃষিজীবী মানুষ কর্মহীন হয়ে পড়বে বলে আমাদের ধারণা। এরই প্রতিবাদে এলাকাবাসী আন্দোলন অব্যাহত রেখেছে।

রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটির সদস্য জাহিদুর রহমান মুকুল জানান, এলাকার উর্বর কৃষি জমিতে রেললাইন স্থাপনের প্রতিবাদে এলাকাবাসী গত ২৭ অক্টোবর চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছে।

মানববন্ধনে বক্তব্য রাখেন রেললাইন স্থাপন প্রতিরোধ কমিটির আহ্বায়ক মওলা বক্স, যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মন্টু, সদস্য মহাসিন আলী, ইবাদত আলী, ডা. রবিউল হক, জাহিদুর রহমান মুকুল, হযরত আলী ও মোস্তাফিজ কচি।

বক্তারা বলেন, একটি অসৎ গোষ্ঠির চক্রান্তে পূর্বনির্ধারিত সোজা পথ বাদ দিয়ে ঘোরা পথে রেললাইন স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। সে লক্ষ্যে কার্যক্রমও শুরু হয়েছে। চক্রান্তকারীদের নীলনকশা মোতাবেক এলাকার পতিত জমি বাদ দিয়ে উচ্চ ফলনশীল তিন ফসলি কৃষিজমিতে রেললাইন স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। যা এলাকাবাসীর জন্য মারাত্মক ক্ষতির কারণ হবে। এজন্য সরকারের কাছে বিষয়টি তদন্ত সাপেক্ষে ঠিক সিদ্ধান্ত নেয়ার দাবি জানান বক্তারা।

চুয়াডাঙ্গায় তরুণ কৃষি উদ্যোক্তাদের কর্মশালা শুরু

সারাদেশের ৩৬ জন তরুণ কৃষি উদ্যোক্তাকে নিয়ে চুয়াডাঙ্গায় দুই দিনব্যাপী দক্ষতা উন্নয়ন কর্মশালা শুরু হয়েছে। শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার মেহেরুন পার্কে এ কর্মশালার আয়োজন করা হয়। ইউটিউব চ্যানেল কৃষি বায়োস্কোপের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে।

কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ডীন ড. এমএ রহিম। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মাশরুম উন্নয়ন ইন্সটিটিউটের উপ-পরিচালক নিরোদ চন্দ্র সরকার, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আলী হাসান ও সদর উপজেলা কৃষি কর্মকর্তা তালহা জুবায়ের মাসরুর।

কর্মশালা আগত প্রশিক্ষণার্থীরা জানান, বেসরকারি পর্যায়ে এ ধরণের প্রশিক্ষণ আয়োজন দেশের কৃষির জন্য আশাব্যঞ্জক। এখান থেকে সারাদেশের প্রকৃত উদ্যোক্তারা প্রশিক্ষণ নিয়ে কৃষিকে এগিয়ে নিতে কাজ করবেন।

কর্মশালায় বক্তারা বলেন, চুয়াডাঙ্গার কৃষি এমনিতেই সমৃদ্ধ। এখানে অনেক ব্যতিক্রমী চাষাবাদ হয়ে থাকে। সারাদেশে তরুণ উদ্যোক্তারা এ কর্মশালা থেকে শিক্ষা নিয়ে কৃষিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।